"ছেলে হোক, মেয়ে হোক
দুটি সন্তানই যথেষ্ট"

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
## আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া

ufpo.akhaura@ymail.com

স্মারক নং ঃ উপপ/আখা/ব্রাহ্মণ/২০২১/৩৮১ তারিখ ঃ ১১/০৮/২০২১খ্রিঃ

# নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরের স্মারকনং- পপঅ/সিসিএসডিপি/ppv-প্রশা-২৮২/২০১৮/৩৮৮ তারিখঃ- ২১/০৬/২০২১ খ্রিঃ মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন নিম্নবর্ণিত ইউনিয়নের ইউনিটসমূহের অন্তর্ভুক্ত গ্রাম/মহল্লার স্থায়ী বাসিন্দার প্রতিটি ইউনিট হতে ০১ (এক) জন করে মোট ১৭ (সতের) জন ১৮-৩০ বছর বয়সী মহিলা স্বেচ্ছাসেবী নিয়োগের নিমিত্ত অত্র কার্যালয় হতে প্রাপ্ত ফরম/কম্পিউটার টাইপ করা স্ব-হস্তে লিখিত আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম ও ভাতাদি | শূন্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | যে এলাকার মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|
| ০১ | মহিলা স্বেচ্ছাসেবী দৈনিক যাতায়ত ভাতা: ৩০০/- (তিনশত) টাকা নাস্তা ভাতা: ১০০/- (একশত) টাকা কর্মদিবস সপ্তাহে ০৬ (ছয়) দিন | ১৭ (সতের) | মাধ্যমিক/ সমমান পরীক্ষায় উত্তীর্ণ | ১.১/ক. ইউনিট, আখাউড়া (উত্তর) ইউনিয়ন ঃ খরমপুর, রেলওয়ে পশ্চিম কলোনী, কুমারপাড়া কলোনী |
| | | | | ২.১/খ, ইউনিট, আখাউড়া (উত্তর) ইউনিয়ন ঃ সড়ক বাজার, আখাউড়া, মসজিদ পাড়া, মালদার পাড়া, রেলওয়ে পূর্ব কলোনী |
| | | | | ৩.২/ক. ইউনিট, আখাউড়া (উত্তর) ইউনিয়ন ঃ টানপাড়া, টেংরাপাড়া, দূর্গাপুর পশ্চিমাংশ (দম্পতি নং: ১-৬১৬) |
| | | | | ৪.৩/ক. ইউনিট, আখাউড়া (উত্তর) ইউনিয়ন ঃ আজমপুর, কৌড়াতলী, রামধননগর |
| | | | | ৫.৩/খ. ইউনিট, আখাউড়া (উত্তর) ইউনিয়ন ঃ আমোদাবাদ, রাজাপুর, আজমপুর রেলওয়ে কলোনী (দম্পতি নং: ১-৭৭) |
| | | | | ৬.১/ক. ইউনিট, আখাউড়া (দক্ষিণ) ইউনিয়ন ঃ গ্রাম : দেবগ্রাম উত্তরাংশ, মুন্সীবাড়ী, শান্তিনগর, দম্পতি নং : ০১- ১০৩৫ পর্যন্ত |
| | | | | ৭.২/ক. ইউনিট, আখাউড়া (দক্ষিণ) ইউনিয়ন ঃ গ্রাম : রাধানগর পশ্চিমাংশ দম্পতি নং : ০১-৬৮৩ পর্যন্ত। চন্দনসার দম্পতি নং-১-৫১৬ পর্যন্ত (সুভার দিঘীর পাড়, বড়বাজার, লালবাজার, শান্তিনগর) |
| | | | | ৮.১/ক. ইউনিট, মোগড়া ইউনিয়ন ঃ নয়াদিল গ্রামের রেলের পশ্চিম পাড়া বড় মসজিদ হইতে দক্ষিণ অংশ পর্যন্ত চরনারায়ণপুর, দূর্জয়নগর, ধনরাজপুর, নরুইন, ভবানীপুর |
| | | | | ৯.২/খ. ইউনিট, মোগড়া ইউনিয়ন ঃ মোগড়া গ্রামের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এর রাস্তার উত্তর এবং পশ্চিম অংশ পর্যন্ত বচিয়ারা, নিলাখাদ, সদাগর পাড়া, শান্তিপুর |
| | | | | ১০.৩/ক. ইউনিট, মোগড়া ইউনিয়ন ঃ গ্রাম: আদমপুর, রাজেন্দ্রপুর, বাউতলা,উমেদপুর, সেনারবাদি |
| | | | | ১১.৩/খ, ইউনিট, মোগড়া ইউনিয়ন ঃ গ্রাম: খলাপাড়া, জয়নগর, ছয়ঘরিয়া |
| | | | | ১২.১/ক, ইউনিট, মনিয়ন্দ ইউনিয়ন ঃ গ্রাম: মনিয়ন্দ (দ: ), হরিপুর, মহেন্দ্রনগর (জয়পুর), গিরিশনগর |
| | | | | ১৩.১/খ, ইউনিট, মনিয়ন্দ ইউনিয়ন ঃ মনিয়ন্দ (উত্তর), বিষ্ণুপুর, টানমান্দাইল |
| | | | | ১৪.২/খ, ইউনিট, মনিয়ন্দ ইউনিয়ন ঃ গ্রাম: টনকী (উ: ), টনকী (দ: ), মাঝিগাছা, নোয়ামুড়া, কাটামুড়া, গাঘুটিয়া, রাজমঙ্গলপুর, ধর্মনগর, শিকারমুড়া |
| | | | | ১৫.৩/ক, ইউনিট, মনিয়ন্দ ইউনিয়ন ঃ গ্রাম: তুলাইশিমুল, বড়লৌহগর, ইটনা, নতুন পাড়া, আইড়ল |
| | | | | ১৬.১/ক, ইউনিট, ধরখার ইউনিয়ন ঃ গ্রাম: ঘোলখার, আদিলপুর, নোয়াপাড়া, ঝিকুটিয়া, তুলাতলা |
| | | | | ১৭.২ নং, ইউনিট, ধরখার ইউনিয়ন ঃ গ্রাম: রাণীখার, ধরখার, বনগজ, কৃষ্ণনগর |

শর্তাবলী:

১) আগামী ১২/০৯/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া এর বরাবর সরাসরি আবেদনপত্র উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে রক্ষিত সীলগালাকৃত বাক্সে দাখিল করতে হবে।

২) আবেদন পত্রে : ক) প্রার্থীর পূর্ণ নাম: (বাংলায় ও ইংরেজি BLOCK LETTER)। খ) পিতা/স্বামীর নাম: গ) মাতার নাম: ঘ) পদের নাম: ঙ) স্থায়ী ঠিকানা: চ) বর্তমান ঠিকানা: ছ) জন্ম তারিখ: (মাধ্যমিক/সমমান পরীক্ষার সনদপত্র অনুযায়ী) জ) বয়স: (১২/০৯/২০২১খ্রি: তারিখে) ঝ) শিক্ষাগত যোগ্যতা: ঞ) প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা অথবা মুক্তিযোদ্ধার পুত্র কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধার পূর্ণ নাম, স্থায়ী ঠিকানা, মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক উল্লেখ করতে হবে।

৩) ১২/০৯/২০২১খ্রি: তারিখে বয়স: ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে এবং মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪) আবেদনপত্রের খামের উপর পদের নাম, ইউনিয়নের নাম, ইউনিটের নাম ভিন্ন কালিতে লিখতে হবে।

৫) একটি খামে একাধিক প্রার্থীর আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৬) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে: -
ক) সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি। খ) মাধ্যমিক/সমমান শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি। গ) ১ম শ্রেণীর গ্রেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র। ঘ)ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগারিকত্ব সনদপত্র। ঙ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি। চ) পূর্ববর্তী কাজের অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) এর সত্যায়িত অনুলিপি। ছ) মুক্তিযোদ্ধার পোষ্যদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

৭) কর্ম এলাকায় অবস্থান করতে হবে।

৮) অর্পিত দায়িত্ব পালন এবং কার্যক্রমের অগ্রগতি সন্তোষজনক না হলে কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৯) স্বেচ্ছায় দায়িত্ব হতে অব্যাহতি চাইলে কমপক্ষে এক মাস পূর্বে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

১০) মহিলা স্বেচ্ছাসেবী নিয়োগের মেয়াদ ০১ (এক) বছর পর্যন্ত বলবৎ থাকবে।

১১) আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীকে নিজে অবশ্যই স্বাক্ষরসহ পূর্ণ নাম লিখতে হবে।

১২) প্রার্থীকে সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

১৩) ২০/০৯/২০২১খ্রি: তারিখ বাছাইকৃত সঠিক আবেদনকারীদের তালিকা উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।

১৪) ১০০ (একশ) নম্বরের মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে।

১৫) মৌখিক পরীক্ষার জন্য কোন কার্ড ইস্যু করা হবে না। বাছাইকৃত সঠিক প্রার্থীদের তালিকায় মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় জানিয়ে দেয়া হবে।

১৬) অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৭) মৌখিক পরীক্ষায় সকল সনদপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে।

১৮) আবেদনপত্রে কোন প্রকার তথ্য গোপন কিংবা ভুল তথ্যের প্রমাণ পাওয়া গেলে চূড়ান্ত নিয়োগের পরও কর্তৃপক্ষ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯। দুই সন্তানের অধিক সন্তান বিশিষ্ট দম্পতি অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

২০। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই এই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২১। আবেদনপত্রের কপি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় হতে সংগ্রহ করতে পারবে।

স্বাক্ষরিত ঃ

**ডা. হাছমত আরা জাহান**
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
ও
সদস্য সচিব
মহিলা স্বেচ্ছাসেবী নিয়োগ কমিটি
আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া।